# মডিউল-১১

## কোর্সকোড- BENG-H-CC-T-2

## কোর্স নাম : বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব (দ্বিতীয় ভাগ)

**মিলন মণ্ডল**
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
এস. আর. ফতেপুরিয়া কলেজ, বেলডাঙ্গা

## পর্ব-৩ ঃ 'বাংলা উপভাষা'

**বিন্যাস ক্রম -**

**১১.১-উদ্দেশ্য**
**১১.২-ভাষা ও উপভাষার সম্পর্ক।**
**১১.৩-উপভাষার বৈশিষ্ট্য।**
**১১.৪-বাংলা উপভাষার শ্রেণি বিভাগ।**
**১১.৫-সহায়ক গ্রন্থাবলী।**
**১১.৬- আদর্শ প্রশ্নাবলী।**
**১১.৭ উত্তর সংকেত**

### ১১.১- উদ্দেশ্য:

এই এককটি পাঠ করলে

ক. সাধারণভাবে ছাত্র-ছাত্রীরা ভাষা ও উপভাষা সম্পর্কে পরিচিত হবে।

খ . উপভাষার বৈশিষ্ট্য সম্পর্কে আবগত হবে।

গ. বাংলা উপভাষা গুলি সম্পর্কে আবগত হবে॥

### ১১.২-ভাষা ও উপভাষার সম্পর্ক:

ভাষা হল মানুষের ভাব প্রকাশের মাধ্যম। অর্থাৎ ভাষা হল মানুষের উচ্ছারিত অর্থবহ ধ্বনি সমষ্টি। উপভাষা হল, একটি ভাষার অন্তর্গত এমন একটি বিশেষ রূপ, যা এক একটি বিশেষ অঞ্চলের মানুষের মুখে মুখে প্রচলিত থাকে, যার সঙ্গে সেই আদর্শ ভাষা বা সাহিত্যিক ভাষার ধ্বনিগত ও রূপগত বেশ কিছু পার্থক্য দেখা যায়। সুকুমার সেন বলেছেন, 'কোন ভাষা সম্প্রদায়ের অন্তর্গত ছোট ছোট দলে বা অঞ্চল বিশেযে প্রচলিত ভাষাছাঁদকে উপভাষা বলে'।

## ১১.৩ উপভাষার বৈশিষ্ট্য:

১. উপভাষার একটি আদর্শ ভাষার একান্ত আঞ্চলিক রূপ ।

২. উপভাষার আঞ্চলিক বৈশিষ্ট্যগুলি প্রধানভাবে পরিলক্ষিত হয়।

৩. উপভাষার এই পার্থক্য তার আদর্শ ভাষাকে ছাড়িয়ে যায় না।

৪. উপভাষা প্রধানত অঞ্চল-বিশেষে মানুষের মুখের ভাষা, দৈনন্দিন জীবন যাপনের ভাষা।

৫. তবে 'উপভাষার কোন ব্যক্তিবিশেষের উচ্চারণ দোষ বা ভুল প্রয়োগ টিকতে পারেনা।'

৬. পৃথিবীর প্রায় সব ভাষাতেই উপভাষা আছে।

৭. উপভাষায় রচিত প্রাচীন মৌখিক সাহিত্যকে সাধারনত 'লোক-সাহিত্য' বলে।

৮. উপভাষার মধ্যেই ভাষার যথার্থ প্রাণশক্তি নিহিত। মাকসমুলারের ভাসায়ঃ- 'The real and natural life of a language is its dialects.'

## ১১.৪ বাংলা উপভাষার শ্রেণি বিভাগ:

বাংলা উপভাষা মূলত পাঁচটি। যথা –

বাংলা উপভাষা, ক. রাঢ়ী , বর্ধমান, হাওড়া, হুগলী, বীরভূম, বাঁকুড়া (পূর্ব), কলকাতা, নদীয়া, ২৪-পরগনা, মুর্শিদাবাদ।

খ. ঝাড়খণ্ডী, মেদনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া (পশ্চিম), সিংভুম।

গ. বরেন্দ্রী, মালদহ, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া।

ঘ. বঙ্গালী, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, ফরিদপুর, যশোহর, খুলনা, নোয়াখালী, কুমিল্লা।

ঙ. কামরূপী, জলপাইগুড়ি, কোচবিহার, দার্জিলিং, শ্রীহট্ট, কাছাড়, রংপুর, ত্রিপুরা।

## ১১.৫. সহায়ক গ্রন্থাবলী:

ক. সুনিতিকুমার চট্টোপাধ্যায়– ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ

খ. সুকুমার সেন– ভাষার ইতিবৃত্ত

গ. ড. রামেশ্বর শ– সাধারণ ভাষা বিজ্ঞান ও বাংলা ভাষা

ঘ. সুখেন বিশ্বাস– প্রসঙ্গ বাংলা ভাষা (১ম ও ২য় খণ্ড)

## ১১.৬. আদর্শ প্রশ্নাবলি:

ক. ভাষা ও উপভাষা বলতে কী বোঝ ?

খ. ভাষা ও উপভাষার মধ্যে তুলনা মূলক আলোচনা করো ?

গ. বাংলা উপভাষার বৈশিষ্ট্য গুলি আলোচনা করো?

ঘ. বাংলা উপভাষা গুলির পরিচয় দাও।

## ১১.৭ উত্তর সংকেত

ক. ১১.২ অংশ দেখুন।

খ. ১১.২ অংশ দেখুন।

গ. ১১.৪ অংশ দেখুন।

ঘ. ১১.৪ অংশ দেখুন।